# Times Today BD

ডেস্ক রিপোর্ট | খেলা | 10 April, 2025

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) পর এবার ডিপিএলেও সন্দেহজনক পারফরম্যান্সের গুঞ্জন উঠেছে।গতকাল গুলশান ক্রিকেট ক্লাব ও শাইনপুকুর ক্রিকেট ক্লাবের মধ্যকার খেলার শেষ উইকেট উসকে দিয়েছে নতুন বিতর্ক।দলের জয় যখন মাত্র ৬ রান দূরে, তখন একজন ব্যাটার মিনহাজুল আবেদীন সাব্বির যেভাবে আউট হয়েছেন তা নিয়ে চলছে চর্চা।

টিভি ফুটেজে দেখা যায় ক্রিজ থেকে বেরিয়ে আসার পর উইকেটরক্ষক স্টাম্প ভেঙে দেওয়ার আগমুহূর্তে লাইনে ব্যাট ঢুকিয়েও বের করে নেন শাইনপুকুরের ব্যাটার মিনহাজুল আবেদিন সাব্বির।এরপরেই স্ট্যাম্পিং।ম্যাচ হেরে যায় শাইনপুকুর স্পোর্টিং।

পরে সেই আউটের ধরন নিয়ে রাতে নিজের ফেসবুক পোস্টে ক্ষোভ উগড়ে দেন ইমরুল কায়েস, শামসুর রহমান শুভ, শাহরিয়ার নাফীসরা।

সেই আউটের বিতর্ক নিয়ে ঢাকা পোস্টকে বিসিবির এক পরিচালক বলেন, ‘এটা দেখে একটু মনে হয়েছে যে ভেরি ভেরি আনইউজুয়াল, সামথিং রং হতে পারে।আমি তো আসলে প্রমাণ ছাড়া বলতে পারছিনা।তবে আমাদের যে দায়িত্বটা ছিল আমরা কথা বলে সিসিডিএম সাথে পরে এন্টি করাপশান ইউনিটকে (অ্যাকু) জানিয়েছিলাম।তারা এটা  ইনভেসটিগেশন করবে।তারপরে রিপোর্ট দিবে আমাদেরকে।বাকি কাজ সবকিছু তারা করবে এখন।

এদিকে জাতীয় দলের সাবেক ওপেনার ইমরুল কায়েদের দাবি, একটি দলকে সুপার সিক্সে উঠতে না দেয়ার ষড়যন্ত্র বাস্তবায়নেই এমন এক কাণ্ড ঘটিয়েছে গুলশান ক্রিকেট ক্লাব ও শাইনপুকুর ক্রিকেট ক্লাব।

ডিপিএল ঘরোয়া ক্রিকেট বিসিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 10:29

URL: https://timestodaybd.com/sports/688164527